

২০২৫

বাংলা

(মেজর-VII)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমিস্টার

কোর্স কোড : BNG-CC-T-502

(ছোটগল্পের রূপভেদ ও বাংলা ছোটগল্প)

[NEP-2020]

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর লেখো :  $2 \times 10 = 20$ 

ক) ছোটগল্পের দুটি বৈশিষ্ট্য লেখো।

খ) ১৪ নম্বর হাবশীবাগান মেসের উল্লেখ কোন্ গল্পে পাওয়া যায়? সেই মেসে থাকতেন এমন দু'জনের নাম লেখো।

গ) “ঘাস হাইড্রোলাইজ হয়ে কার্বোহাইড্রেড হবে। তাতে দুটো অ্যামিনো গ্রুপ জুড়ে দিলেই ব্যাস্।”—বক্তা কে? তাঁর পেশা কী ছিল?

ঘ) রসময়ীর স্বামী ক্ষেত্রমোহনবাবু দ্বিতীয়বার কাকে বিয়ে করতে যান? হবু স্ত্রীর বয়স কত ছিল?

ঙ) “দুঃখের দিনে এটুকুও যে নষ্ট করা যায় না এই দশ বছরের মেয়েটাও তাহা বুঝিয়াছে।”—দশ বছরের মেয়েটির নাম কী? কী নষ্ট না করার কথা বলা হয়েছে?

[পরের পাতায়]

- চ) “আমার জিনিস আমি বেচব না”—বক্তা কোন্ জিনিস বেচতে চায়নি? জিনিসটি বেচার জন্য সে কত টাকা অগ্রিম নিয়েছিল?
- ছ) গল্পকার বনফুলের ‘নিমগাছ’ গল্পে নিমগাছের সমব্যথী কোন্ চরিত্র? তিনি কোন্ দৃষ্টিকোণে সমব্যথী তা লেখো।
- জ) ‘নারী ও নাগিণী’ গল্পের জোবেদা এক রাত্রে ঘর থেকে কীসের গন্ধ পাচ্ছিল? এমন গন্ধের রহস্য কী?
- ঝ) “ধরতে পারলে কিছু রোজগার হতো রে।”—কে বলেছে? এ কথা বলার কারণ কী?
- ঞ) ‘হারানের নাতজামাই’ গল্পে কাকে হারানের নাতজামাই সাজানো হয়েছিল? সে কোন্ আন্দোলনের সঙ্গে যুক্ত ছিল?
- ট) “চোর ডাকাত নাকি যে ঘরে আসামী রাখুম। বিকেলে জামাই আইছে, শোয়াইছি মাইয়া জামাইরে।”—কে কোন্ প্রসঙ্গে এ কথা বলেছে?
- ঠ) ‘টোপ’ গল্পের লেখক শিকারে গিয়ে কোথায় উঠেছিলেন? সেটি কীসের তৈরি বাড়ি ছিল?
- ড) ‘ফসিল’ গল্পের নেটিভ স্টেটটির নাম কী ছিল? তার আয়তন কত?
- ঢ) “মহানগরের বিশাল অরণ্যে কত মানুষ আসে কত কিছুর খোঁজে।”—মহানগরে মানুষ কী খোঁজে? গল্পের রতন কীসের খোঁজে মহানগরে এসেছিল?
- ণ) মহাশ্বেতা দেবীর ‘বান’ গল্পটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়? গল্পটি লেখকের কোন্ গ্রন্থে সংকলিত হয়েছে?

- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো :  $৫ \times ৪ = ২০$
- ক) অতিপ্রাকৃত ছোটগল্প কাকে বলে? এই জাতীয় গল্পের বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো।
- খ) ‘রসময়ীর রসিকতা’ গল্পের ক্ষেত্রমোহন চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।
- গ) ‘নারী ও নাগিণী’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।
- ঘ) ‘টোপ’ গল্পের রাজাবাহাদুর চরিত্রটি বিশ্লেষণ করো।
- ঙ) “.....ভূত দেখার মত চমকে উঠল সুতা মজুর।”—প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।
- চ) “গল্পের এই জায়গাটি চিনিবাসের বড় প্রিয়।”—এখানে কোন্ গল্পের কথা বলা হয়েছে? সেটি কেন চিনিবাস বার বার শুনতে পছন্দ করে বুঝিয়ে বলো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো :  $১০ \times ২ = ২০$
- ক) অণুগল্প কাকে বলে? একটি বাংলা অণুগল্পের অবলম্বনে বৈশিষ্ট্যগুলি নির্দেশ করো।
- খ) ‘বিরিঞ্চিবাবা’ গল্পে পরশুরামের ব্যঙ্গ ও কৌতুকরস সৃষ্টির দক্ষতা বিচার করো।
- গ) তোমাদের পঠিত কোন্ গল্পে কৃষক কারখানার মজুরে পরিণত হয়েছে, গল্পটির প্রেক্ষাপট উল্লেখ করে বিষয়টি ব্যাখ্যা করো।
- ঘ) ‘হারানের নাতজামাই’ গল্পে ময়নার মায়ের চরিত্র বিচার করো।